

BDNews24.com, 09-12-2023, Online

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে ৩ দিনের সম্মেলন

সম্মেলনে ৮৫টি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করা হয়; বিভিন্ন দেশের প্রায় আড়াইশ গবেষক, গ্রন্থাগারিক ও শিক্ষাবিদ এতে অংশ নেন।



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন সৈয়দ মঞ্জুর এলাহী।

নিজস্ব প্রতিবেদক - বিভিন্নউজ টোয়েন্টিফোর ডটকম

Published : 9 Dec 2023, 09:07 PM - Updated : 9 Dec 2023, 09:07 PM

f x t e o q q i

‘ওয়েবমেট্রিক্স, ইনফরমেট্রিক্স ও সায়েন্সমেট্রিক্সের’ ওপর তিন দিনের সম্মেলন অনুষ্ঠিত হয়েছে বেসরকারি ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে।

বিভিন্ন দেশের প্রায় আড়াইশ গবেষক, গ্রন্থাগারিক, শিক্ষাবিদ সম্মেলনে অংশ নেয় বলে বিশ্ববিদ্যালয়টি শনিবার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ডক্টর এস আর লস্কর লাইব্রেরিতে বৃহস্পতিবার ওই সম্মেলন শুরু হয়।

‘কোলনোট সোসাইটি ফর লাইব্রেরি প্রফেশনালস’ এবং স্পেশাল লাইব্রেরি অ্যাসোসিয়েশন, এশিয়া কমিউনিটি’র সহযোগিতায় সম্মেলনে মোট ৮৫টি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করা হয়।

সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা সৈয়দ মঞ্জুর এলাহী বলেন, “কনফারেন্সের আলোচ্য বিষয় ওয়েবমেট্রিক্স, ইনফরমেট্রিক্স এবং সায়েন্সমেট্রিক্স বর্তমান ডিজিটাল যুগে জ্ঞান, গবেষণা ও তথ্যের প্রভাব বুঝার ও মূল্যায়ন করার ক্ষেত্রে অনেক গুরুত্বপূর্ণ।

“এই সম্মেলন শিক্ষাবিদ, গ্রন্থাগারিক, তথ্য প্রযুক্তি পেশাজীবী এবং নীতিনির্ধারকদের গবেষণা কার্যক্রমকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য একটি মূল্যবান প্ল্যাটফর্ম হয়ে থাকবে।”

সম্মেলনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন চীনের ডালিয়ান ইউনিভার্সিটি অব টেকনোলজি এবং ফ্রান্সের স্ট্রাসবার্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জিন-চার্লস ল্যামিরেল। জার্মানির টেকনিশে ইউনিভার্সিটির গবেষক বার্ড মার্কশেফেল বিশেষ অতিথি ছিলেন।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক শামস রহমান উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন।